



নং বিইএম/০২/০০৭

তারিখ: ২৬ অক্টোবর ২০২৩

**সংশোধিত বিজ্ঞপ্তি**

এতদ্বারা ওমানের সালালাহ (Salalah) এবং এর পার্শ্ববর্তী এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশী নাগরিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাসের একটি কনস্যুলার টিম উক্ত এলাকায় নিম্নবর্ণিত স্থান ও তারিখে প্রয়োজনীয় সকল কনস্যুলার সেবা প্রদান করবে।

**কনস্যুলার ক্যাম্পের স্থান, তারিখ ও সময়:**

স্থান	তারিখ	সময়
হোটেল ইউনাইটেড ডিমস-১২ (আকিল মসজিদের পার্শ্বে)	০২ ও ০৩ নভেম্বর ২০২৩ (বৃহস্পতিবার ও শুক্রবার)	সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা
	০৪ নভেম্বর ২০২৩ (শনিবার)	সকাল ০৯.০০ টা হতে সকাল ১১.০০ টা

**কনস্যুলার সেবাসমূহ:**

- ই-পাসপোর্টের আবেদন গ্রহণ;
  - MRP রিইস্যু ও MRP নতুন (নবকজাতক) আবেদন গ্রহণ;
  - অন্যান্য কনস্যুলার সেবা (জন্ম নিবন্ধন আবেদন গ্রহণ, ডকুমেন্টস সত্যায়ন ইত্যাদি);
- আবেদনকারীকে স্বশরীরে উপস্থিত হয়ে সেবা গ্রহণ করতে হবে।*

**ই-পাসপোর্ট আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস:**

- <https://www.epassport.gov.bd> ওয়েবসাইটে অনলাইনে পূরণকৃত ই-পাসপোর্ট আবেদনের প্রিন্ট।
- জাতীয় পরিচয় পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন।
- পূর্বের MRP পাসপোর্ট ও ওমানের সিভিল আইডি।

**মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) রিইস্যুর জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও ফি:**

- পুরাতন পাসপোর্ট ও সিভিল আইডি'র কপি।  
(ফটোকপি'র ব্যবস্থা আছে)
- শ্রমিক ও ছাত্র- OMR 12.700 এবং সাধারণ ও পেশাজীবী- OMR 42.400

ই-পাসপোর্টের ফি: (১০% WF সহ)	পৃষ্ঠা	মেয়াদ	সাধারণ		জরুরি	
সাধারণ ও পেশাজীবী	48 Pages	05 Years	100 USD	42.400 OMR	150 USD	63.600 OMR
		10 Years	125 USD	53.00 OMR	175 USD	74.200 OMR
	64 Pages	05 Years	150 USD	63.600 OMR	200 USD	84.700 OMR
		10 Years	175 USD	74.200 OMR	225 USD	95.300 OMR
ছাত্র ও শ্রমিক	48 Pages	05 Years	30 USD	12.705 OMR	45 USD	19.100 OMR
		10 Years	50 USD	21.200 OMR	75 USD	31.800 OMR
	64 Pages	05 Years	150 USD	63.600 OMR	200 USD	84.700 OMR
		10 Years	175 USD	74.200 OMR	225 USD	95.300 OMR

**জন্ম নিবন্ধন আবেদনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টস:**

- অনলাইন (<https://bdris.gov.bd>) জন্ম নিবন্ধন আবেদনের কপি। আবেদনের জন্য পিতা মাতার অনলাইন জন্ম নিবন্ধন থাকা আবশ্যিক।
- ওমানের জন্ম নিবন্ধন/ চিকিৎসা প্রতিষ্ঠানের ছাড়পত্র/ চিকিৎসা প্রতিষ্ঠান প্রদত্ত জন্ম সংক্রান্ত সনদের কপি/ সংশ্লিষ্ট ব্যক্তির মেশিন রিডেবল পাসপোর্টের প্রথম ২ (দুই) পাতা অনুলিপি।

- পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি।
- পিতা/মাতার সিভিল আইডি।
- পিতা মাতার নিকাহ নামা  
**ফি OMR 2.000**

*শুধুমাত্র ওমানে জন্মগ্রহণকারী বাংলাদেশী নাগরিক অত্র দূতাবাসে নতুন নিবন্ধন আবেদন করতে পারবেন।  
তবে যাদের জন্ম নিবন্ধন অত্র দূতাবাসে করা তারা দূতাবাসে বরাবর অনলাইনে সংশোধনের আবেদন করতে পারবেন।*

উক্ত এলাকায় বসবাসরত প্রবাসী বাংলাদেশীদের প্রয়োজনীয় কনস্যুলার সেবা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

যোগাযোগ: +৯৬৮ ৯১৯৯৭৮৫২



*[Signature]*  
২৬/১০/২০২৩

(খোইং এ)

দ্বিতীয় সচিব ও দূতালয় প্রধান

**অনুলিপি:**

০১. সকল কর্মকর্তা, অত্র দূতাবাস।
০২. বাংলাদেশ সোশ্যাল ক্লাব, ওমান।
০৩. নোটিশ বোর্ড।